



আসিফের ঝুলিতে ১৫ কোটি টাকা, হাসনাতের ১০ কোটি



আসিফ মাহমুদ ও হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

কুমিল্লা জেলা পরিষদের রাজস্ব খাত থেকে মুরাদনগরের জন্য ১৫ কোটি এবং দেবিদ্বারের জন্য ১০ কোটি টাকা নেওয়ার অভিযোগ তুলেছেন জেলা পরিষদের প্রশাসক মো. মোস্তাক মিয়া। তার দাবি, আসিফ মাহমুদ ও হাসনাত আব্দুল্লাহ ওই অর্থ নিয়েছেন।

শনিবার (৩০ মে) কুমিল্লা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে আয়োজিত মিলাদ ও আলোচনা সভায় বক্তব্য দিতে গিয়ে তিনি এ অভিযোগ করেন।

মোস্তাক মিয়া বলেন, জেলা পরিষদের নিজস্ব রাজস্ব থেকে মুরাদনগরের জন্য ১৫ কোটি টাকা নেওয়া হয়েছে। একইভাবে দেবিদ্বারের জন্য আরও ১০ কোটি টাকা নেওয়া হয়েছে। তিনি অভিযোগ করে বলেন, যারা বৈষম্যবিরোধী রাজনীতির কথা বলেন, তাদের কর্মকাণ্ডের সঙ্গে সেই বক্তব্যের মিল পাওয়া যায়নি।

বক্তব্যে তিনি আরও বলেন, জনগণের ভোটে নির্বাচিত সরকার বর্তমানে দেশ পরিচালনা করছে এবং প্রধানমন্ত্রী তারেক রহমান দেশের ক্ষতিগ্রস্ত অর্থনীতি পুনর্গঠনে কাজ করছেন। অতীতের অর্থনৈতিক সংকট কাটিয়ে উঠতে সরকার বিভিন্ন উদ্যোগ নিচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী হাজী আমিন উর রশিদ ইয়াছিন। এছাড়া কুমিল্লা সিটি করপোরেশনের প্রশাসক ও মহানগর বিএনপির সাধারণ সম্পাদক ইউসুফ মোল্লা টিপু, সদর উপজেলা বিএনপির সভাপতি রেজাউল কাইয়ুম, সাধারণ সম্পাদক শফিউল আলম রায়হানসহ বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।